

জাতীয়

নাগরিকদের সব সুযোগ-সুবিধা নিশ্চিত করবে সরকার: অর্থমন্ত্রী



প্রতিবেদক: ঢাকা প্রোব ডেস্ক

প্রকাশের তারিখ: শুক্রবার, ০৯ অক্টোবর ২০২৬, ০৫:৩৯ PM



বর্তমান সরকার নাগরিকদের একে একে সব সুযোগ-সুবিধা নিশ্চিত করবে বলে জানিয়েছেন অর্থ ও পরিকল্পনামন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী। তিনি বলেন, সরকার তার দেওয়া সব প্রতিশ্রুতি বাস্তবায়ন করবে।

শুক্রবার (৯ অক্টোবর) সকালে চট্টগ্রাম সিটি করপোরেশনের (চসিক) উদ্যোগে শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দর সড়কে নির্মিত দেশের প্রথম সাইকেল ট্র্যাকের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

আমির খসরু মাহমুদ চৌধুরী বলেন, দেশের প্রথম সাইকেল ট্র্যাকের উদ্বোধন হলো। মানুষ এই ট্র্যাক ব্যবহার করে অফিসে যাতায়াত করতে পারবে। পাশাপাশি শরীরচর্চার সুযোগ পাবে, যা শরীর ও মন সুস্থ রাখতে সহায়ক হবে।

সাইকেল ট্র্যাক নির্মাণের উদ্যোগ নেওয়ায় চট্টগ্রাম সিটি করপোরেশনের মেয়র ডা. শাহাদাত হোসেনকে ধন্যবাদ জানিয়ে অর্থমন্ত্রী বলেন,

নগরের খালগুলোর পাড়সহ অন্যান্য এলাকাতেও পর্যায়ক্রমে সাইকেল ট্রাক নির্মাণ করতে হবে। এ ক্ষেত্রে তিনি নিজের অবস্থান থেকে সর্বাত্মক সহযোগিতা করবেন বলে আশ্বাস দেন।

অনুষ্ঠানে উপস্থিত সংসদ সদস্য আবু সুফিয়ান, এরশাদ উল্লাহ ও এনামুল হকের উদ্দেশে অর্থমন্ত্রী বলেন, তারাও যেন নিজ নিজ এলাকায় সাইকেল ট্রাক নির্মাণের উদ্যোগ নেন। এর মাধ্যমে মানুষকে ঘরের বাইরে এসে শরীরচর্চার সুযোগ করে দেওয়া সম্ভব হবে।

চসিক মেয়র ডা. শাহাদাত হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠানে তিন সংসদ সদস্য ছাড়াও নগর বিএনপির শীর্ষ নেতারা এবং চট্টগ্রাম সিটি করপোরেশনের উর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

এ বিভাগের আরও খবর



অটোরিকশাচালক সুমনই তাজমিনকে ধর্ষণের পর শ্বাসরোধে হত্যা করেন: পুলিশ
কুমিল্লার শালমাইয়ে স্থলছাত্রী জাহ্নাতুল তাজমিনকে ধর্ষণের পর শ্বাসরোধে হত্যার ঘটনায় রহস্য উদ্‌ঘাটনের কথা জানিয়েছে পুলিশ। এ ঘটনায় অটোরিকশাচালক...



রূপপুর কেন্দ্র থেকে দ্রুত বিদ্যুৎ সরবরাহের প্রতিশ্রুতি রোসাটমের
রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের প্রথম ইউনিট থেকে দ্রুততম সময়ের মধ্যে জাতীয় গ্রিডে পরীক্ষামূলকভাবে বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার প্রতিশ্রুতি...



কুমিল্লায় স্কুলছাত্রী হত্যা মামলায় অটোরিকশাচালক গ্রেপ্তার
কুমিল্লার লালমাইয়ে খানজেকত থেকে উদ্ধার হওয়া সপ্তম শ্রেণির শিক্ষার্থী জাম্মাভুল তাজমিন (১৫) হত্যা মামলায় সুমন নামে এক অটোরিকশাচালককে গ্রেপ্তার...



মানসিক স্বাস্থ্য নিয়ে ভয়, লজ্জা ও কুসংস্কার দূর করার আহ্বান প্রধানমন্ত্রীর
মানসিক অসুস্থতাকে ঘিরে থাকা ভয়, লজ্জা, কুসংস্কার ও বৈষম্য দূর করতে সমাজের সবাইকে সম্মিলিতভাবে কাজ করার আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/national/nagrikder-sb-sujog-subidha-nishchit-krbe-srkar-orthmntri>